# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অধ্যক্ষের কার্যালয় শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর।

স্মারক নং-শহীঃতাজঃআঃমেডিঃকঃ/নিয়োগ বিজ্ঞপ্তি/২০১৯/৫০৫ তারিখঃ-১২/০৬/২০১৯খ্রিঃ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের স্মারক নং-৫৯.০০.০০০০.১০৯.১১.০৬১.১৮-৪৯ তারিখ ২০/০২/২০১৯ মোতাবেক ছাড়পত্র প্রাপ্ত হওয়ায় শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর এর নিম্নবর্ণিত অস্থায়ী রাজস্বখাতে সৃজিত পদে জনবল নিয়োগের নিমিত্তে প্রচলিত নিয়োগ বিধি ও শর্ত অনুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | কার্পেন্টার | ০১ (এক) টি | ৮৮০০-২১৩১০/ | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

** সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে সংগ্রহ করতে হবে।

**আবেদন করার নিয়মাবলী ও শর্তাবলী :**

১। উপরে বর্ণিত চাকুরির আবেদন ফরমেট/ ছক অনুযায়ী কম্পিউটারের মাধ্যমে লিপিবদ্ধ করে আবেদন করতে হবে এবং আবেদনপত্রের সংগে চালানের মূল কপি এবং পাসপোর্ট সাইজের সদ্য তোলা ৪ (চার) কপি রঙ্গিন ছবি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়ন পূর্বক সংযুক্ত করতে হবে আর কোন কাগজপত্র জমা দিতে হবে না (সংরক্ষিত মুক্তিযোদ্ধার কোটায় ও অন্যান্য কোটায় প্রার্থী ব্যতীত)। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষার সময় আবেদন ফর্মে বর্ণিত সকল তথ্যের দলিলাদি/মূল সনদপত্র উপস্থাপন করতে হবে।

২। আবেদনকারীর বয়স ০১/০৬/২০১৯ খ্রিঃ তারিখে ১৮-৩০ বৎসর, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি নাতনী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য । বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেবিট গ্রহণযোগ্য নয়।

৩। আবেদনপত্র আগামী ০৯/০৭/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অধ্যক্ষ, শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর এর ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিস অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত বাক্সে আবেদনপত্র পৌছাতে হবে এবং নির্ধারিত তারিখ ও সময় উত্তীর্ণ হওয়ার পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪। অধ্যক্ষ, শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা হারে নিম্নোক্ত কোড নম্বরে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি ও একটি সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। যার অর্থনৈতিক কোড নং-১-২৭১১-০০০০-২০৩১।

৫। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান এবং মহিলা মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট মুক্তিযোদ্ধার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকৃত মুক্তিযোদ্ধা সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য (ভিডিপি) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে।

৬। নিয়োগের বিষয়ে সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা/কোটানীতি অনুসরণ করা হবে।

৭। আবেদনপত্রে নিজ জেলা সম্পর্কে ভুল তথ্য পরিবেশন করা হলে এবং প্রদত্ত কোন প্রমাণাদি অসত্য বলে প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। অসম্পূর্ণ ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

৯। আবেদনপত্রের খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম এবং যে কোটায় আবেদন করতে ইচ্ছুক সেই কোটার নাম স্পষ্ট করিয়া লিখতে হবে।

১০। আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগ এর ঠিকানা (বর্তমান ঠিকানা) লিখা সম্বলিত ৬ (ছয়) টাকা মূল্যের ডাক টিকেট সংযুক্ত ১০˝×৫˝ মাপের একটি ফেরৎ খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১১। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

১৪। বৈধ প্রার্থীদের পরীক্ষা অনুষ্ঠানের স্থান তারিখ ও সময়সূচি আবেদনপত্রের প্রদত্ত দেয়া খামে যথাসময়ে প্রেরণ করা হবে।

১৫। প্রার্থীর কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। সরকারী আধা সরকারী সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম আবেদনের কপি গ্রহণযোগ্য নয়।

১৭। প্রার্থীকে সাক্ষাতের সময় সকল শিক্ষাগত ও অন্যান্য সনদপত্রের ফটোকপি সত্যায়িত করে জমা প্রদান করতে হবে। ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক তাঁর নামের সীলসহ সত্যায়ন পূর্বক ১ সেট মৌখিক পরীক্ষায় নিয়োগ কমিটির বোর্ডে দাখিল এবং একই সাথে সকল মূল সনদের কপি উপস্থাপন করতে হবে।

১৮। আবেদনপত্র যাচাই বাছাই করার পর সঠিক আবেদনকারীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ফেরত খামে প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হবে। আবেদনপত্র যাচাই বাছাই এর ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**বিঃ দ্রঃ- ইতোমধ্যে অত্র দপ্তরের স্মারক নং-৭৯০ তারিখ ১৫/১২/২০১৫ অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। উল্লেখিত পদের মধ্যে কার্পেন্টার পদের শিক্ষাগত যোগ্যতা নিয়োগ বিধি ২০১৮ পরিবর্তন হওয়ায় পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা হল। এ্যানিমেল কেয়ারটেকার পদটি নতুন নিয়োগ বিধি অনুযায়ী আউটসোর্সিং পদ্ধতিতে হওয়ায় সরাসরি নিয়োগ প্রক্রিয়া বাতিল করা হল। এ্যানিমেল কেয়ারটেকার ও কার্পেন্টার পদ ব্যতীত অন্যান্য পদের আবেদনকারীদের লিখিত পরীক্ষা আগামী ২১/০৬/২০১৯ তারিখ ১০:০০ ঘটিকায় রাণী বিলাসমনি সরকারি বালক উচ্চ বিদ্যালয়, জয়দেবপুর, গাজীপুর ও জয়দেবপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গাজীপুর অনুষ্ঠিত হবে। ফেরত খামে প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে।**

অধ্যাপক ডাঃ মোঃ আসাদ হোসেন
অধ্যক্ষ শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর।
ফোন-৪৯২৬১৪৫১, ফ্যাক্স-৪৯২৬১৪২৩, ই-মেইল-stamc@ac.dghs.gov.bd

জি-১৫১২/১৯ (১০˝×৫)